



অধ্যক্ষের কার্যালয়

জালালাবাদ রাগীব-রাবেয়া মেডিকেল কলেজ

রাগীব-রাবেয়া মেডিকেল কলেজ রোড, পাঠানটুলা, সিলেট।
মোবাইল: ০১৭৭৯৯০০০১৬ (মেইন অফিস), ০১৭৭৯৯০০৮৭০ (পিএ টু প্রিন্সিপাল)
ই-মেইল: jrrmcinfo@gmail.com ওয়েব সাইট: www.jrrmc.edu.bd

স্মারক নং-জেআরআরএমসি/৭১২/ভর্তি-১৩৫৮

তারিখ: ১৩ই এপ্রিল ২০২৫

নোটিশ

বিষয়: অত্র কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মেধাবী-অস্বচ্ছল কোটায় শিক্ষার্থী নির্বাচনের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা করণ প্রসঙ্গে।

সূত্র: স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১১০১, তারিখ: ০৮/০৪/২০২৫ইং।

জালালাবাদ রাগীব-রাবেয়া মেডিকেল কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে মেধাবী-অস্বচ্ছল কোটায় শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে সূত্রে উল্লেখিত পত্রের মাধ্যমে প্রাপ্ত সংক্ষিপ্ত তালিকায় উল্লেখিত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৪শে এপ্রিল ২০২৫ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অত্র কলেজে তাদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত সংক্ষিপ্ত তালিকায় উল্লেখিত শিক্ষার্থী ও তাদের অভিভাবকবৃন্দকে ঐ দিন সকাল ০৯.৩০ ঘটিকার মধ্যে অত্র কলেজ অফিসে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য যে, সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার পূর্বে প্রত্যেক শিক্ষার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি আগামী ১৯শে এপ্রিল ২০২৫ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ০৮.০০ ঘটিকা হতে দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত) অত্র কলেজের মেইন অফিসে আবশ্যিকভাবে জমা করার জন্য অনুরোধ করা হলো:

- ১। ভর্তি ফরম যথাযথভাবে পূরণ পূর্বক দাখিল করতে হবে।
- ২। অভিভাবকের হলফনামা (৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প নোটারী পাবলিক) নমুনা কপি সংযুক্ত।
- ৩। পিতা-মাতার জ্বাবর সম্পত্তির মূল্যমানের প্রমানকের জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার ভূমির প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ৪। পিতা-মাতার বার্ষিক আয়ের স্বপক্ষে সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যাংক হিসাব/বেতন বিবরণী/আয়কর সনদ দাখিল করতে হবে।
- ৫। ভিজিডি/ভিজিএফ, টিসিবি কার্ডধারী কে অনুমোদিত কার্ড/তালিকার সত্যায়িত কপিসহ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ৬। দুর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৫১২.৩৫.০১১.১৭.৭৬, তারিখ: ১৯/০২/২০১৯ প্রজ্ঞাপনে নির্ধারিত দুর্গম এলাকার তালিকার কপি দাখিল করতে হবে।
- ৭। সরকারী/বেসরকারী চাকুরীজীবীদের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আয় সংক্রান্ত প্রত্যয়ন দাখিল করতে হবে।

- ৮। অন্যান্য শ্রমজীবী/নিম্ন আয়ের মানুষের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত উপযুক্ত প্রমানক দাখিল করতে হবে।
- ৯। ক্ষুদ্র ব্যবসায়ীদের প্রমানক হিসেবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কমপক্ষে ০৩ বছর পূর্বে ইস্যুকৃত এবং ধারাবাহিকভাবে নবায়নকৃত ট্রেড লাইসেন্সের ফটোকপি দাখিল করতে হবে।
- ১০। এতিম শিক্ষার্থী প্রমানকের জন্য স্থানীয় সমাজসেবা কার্যালয়ের প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ১১। পিতা-মাতার পেশা যাচাইয়ের জন্য তাদের এনআইডি কার্ডের ফটোকপি দাখিল করতে হবে।
- ১২। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সমূহের জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭-২০ এর বেতনভুক্ত কর্মচারীর সম্মান বা সমপর্যায়ের বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির বার্ষিক বেতন বিবরণী, ব্যাংক হিসাব বিবরণী ও পেনশন বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে।
- ১৩। এসএসসি এবং এইচএসসি পরীক্ষার সনদপত্র, মার্কশীট ও প্রশংসা পত্রের ফটোকপি দাখিল করতে হবে।
- ১৪। এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও এডমিট কার্ডের ফটোকপি দাখিল করতে হবে।
- ১৫। এমবিবিএস ভর্তি পরীক্ষার অনলাইন আবেদনের কপি (সরকারী ও বেসরকারী উভয়ই), এডমিট কার্ডের কপি এবং ফলাফলের কপি (সবগুলো রঙীন প্রিন্ট) দাখিল করতে হবে।
- ১৬। জন্ম নিবন্ধন/এনআইডি কার্ডের ফটোকপি দাখিল করতে হবে।
- ১৭। সংশ্লিষ্ট ইউনিট পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।

অধ্যাপক মোঃ আবেদ হোসেন

অধ্যক্ষ

জালালাবাদ রাগীব-রাবেয়া মেডিকেল কলেজ, সিলেট

(বিনামূল্যে প্রদত্ত)

প্রতিস্থাপিত ফরম

পাসপোর্ট সাইজের
ছবি
আইকা দিয়ে লাগাতে হবে

অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজে অস্বচ্ছল মেধাবী কোটায় এমবিবিএস কোর্সে ভর্তির আবেদনপত্র
শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫

রেজিস্ট্রেশন নম্বর				

এমবিবিএস ভর্তি পরীক্ষার রোল নং						

- ১। নাম বাংলায় :
- ইংরেজিতে
(Capital Letter) :
- ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৪। জাতীয়তা :
- ৫। ঠিকানা :
স্থায়ী ঠিকানা :
- জেলা বিভাগ
- বর্তমান ঠিকানা :
- টেলিফোন/মোবাইল (আবাসিক)
- ই-মেইলঃ

৬। জাতীয় ভর্তি পরীক্ষায় অর্জিত ফলাফলঃ

মেরিট পজিশন	মোট স্কোর

- ৭। পছন্দের কলেজের নামঃ
- ৮। পিতা/মাতা বা অভিভাবকের বার্ষিক আয়ঃ টাকা।
- ৯। সংযুক্তিঃ
- ক) ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অভিভাবকের বার্ষিক আয় ও অস্বচ্ছলতার স্বপক্ষে নোটারী পাবলিক কর্তৃক প্রদত্ত হলফনামা অবশ্যই সংযুক্ত করতে হবে।
- খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরওয়ার্ড কাউন্সিলর/কমিশনারের অস্বচ্ছলতা স্বপক্ষে প্রত্যয়ন পত্র।
- গ) সরকারী নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র।

.....
পিতা/মাতা বা অভিভাবকের স্বাক্ষর
তারিখঃ

.....
আবেদকারীর স্বাক্ষর
তারিখঃ

গভর্নিং বডির সদস্যবৃন্দের স্বাক্ষরঃ

অভিভাবকের হলফ নামা
(নমুনা কপি)

আমি বয়স পিতা
..... মাতা ঠিকানা
..... পেশা
..... জাতীয় পরিচয়পত্র নম্বর

এই মর্মে হলফনামা প্রদান করিতেছি যে, আমি অসচ্ছল এবং

- (১) আমার বার্ষিক আয় টাকা।
- (২) স্থাবর সম্পত্তির পরিমাণ টাকা।
- (৩) অস্থাবর সম্পত্তির পরিমাণ টাকা।
- (৪) বার্ষিক আয়+স্থাবর সম্পত্তির মূল্যমান+অস্থাবর সম্পত্তির মূল্যমান (সর্বসাকুল্যে) = টাকা।
কথায়

আমি অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ (কলেজের নাম)
আমার ছেলে/মেয়ে/ কে (ছেলে/মেয়ের নাম) ৫% অস্বচ্ছল মেধাবী কোটায়
এমবিবিএস কোর্সে ভর্তি করাইতে ইচ্ছুক।

আমার ছেলে/মেয়ে মেধাবী এবং সে এসএসসি ও এইচএসসি/সমমানের পরীক্ষায় যথাক্রমে জিপিএ ও জিপিএ
পেয়ে উত্তীর্ণ হয়। ২০২৪-২০২৫ সনে অনুষ্ঠিত এমবিবিএস পরীক্ষায় তার মেধাক্রম।
উপরে উল্লেখিত সকল তথ্যাদি সত্য, নির্ভুল ও সঠিক।

আমার এই হলফনামার কোন অংশ পরিবর্তীতে অসত্য বা ভুল প্রমাণিত হইলে ভর্তি বাতিলসহ আমার বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা নিতে
পারিবেন।

আমি ঘোষণা করিতেছি যে, এই হলফনামা স্বজ্ঞানে উদ্দেশ্য প্রণোদিত না হইয়া এবং মর্মার্থ জানিয়া বুঝিয়া দেখিয়া ও পড়িয়া স্বাক্ষর করিলাম।

নাম :
স্বাক্ষর :
সম্পর্ক :
মোবাইল :
তারিখ :